# গাজীপুরে ব্যবসায়ী গ্রেপ্তারকে কেন্দ্র করে উত্তেজনা, যৌথ বাহিনীর হস্তক্ষেপ




সংগৃহীত ছবি

গাজীপুরের শ্রীপুরে অস্ত্রসহ এক ব্যবসায়ী গ্রেপ্তারের ঘটনায় র‍্যাব সদস্যদের অবরুদ্ধ করে স্থানীয়রা। অভিযোগ ওঠে দোকানে অস্ত্র ‘রাখে’ গ্রেপ্তার দেখানো হয়েছে। বিক্ষোভ ও অবরোধের পর সেনা, পুলিশ ও র‍্যাবের যৌথ অভিযানে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

গাজীপুরের শ্রীপুর উপজেলার বরমা এলাকায় অস্ত্রসহ স্থানীয় ব্যবসায়ী মোশারফ হোসেনকে গ্রেপ্তার করে র‍্যাব-১ এর একটি টিম। এ সময় দোকান থেকে অস্ত্র উদ্ধার করা হয়েছে বলে দাবি করে র‍্যাব, তবে কী ধরনের অস্ত্র উদ্ধার করা হয়েছে তা স্পষ্ট করা হয়নি।

গ্রেপ্তারের খবর ছড়িয়ে পড়ার পর স্থানীয় ব্যবসায়ী ও বাসিন্দারা বিক্ষোভে ফেটে পড়েন। তাদের অভিযোগ, দোকানের ভেতরে অস্ত্র রেখে মোশারফকে ফাঁসানো হয়েছে। উত্তেজিত জনতা শ্রীপুর-বরমী সড়কে বাঁশ-কাঠ ফেলে অবরোধ গড়ে তোলে, ফলে যান চলাচল বন্ধ হয়ে যায়। একপর্যায়ে বিক্ষুব্ধরা র‍্যাবের গাড়ি ঘিরে ধরে এবং মোশারফকে ছাড়িয়ে নেয়।

খবর পেয়ে পুলিশ, সেনাবাহিনী ও অতিরিক্ত র‍্যাব সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে রাত আটটার দিকে যৌথ অভিযান চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয় এবং কয়েকজনকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়।

শ্রীপুর থানার ওসি মুহাম্মদ আব্দুল বারিক বলেন, “র‍্যাব, পুলিশ ও সেনাবাহিনী যৌথভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।”

র‍্যাব-১ এর একটি সূত্র জানিয়েছে, উত্তরা থেকে আসা র‍্যাব টিম মোশারফকে গ্রেপ্তার করে এবং স্থানীয় প্রতিরোধের কারণে পরিস্থিতি জটিল হয়ে ওঠে।

রাত সাড়ে আটটার দিকে পরিস্থিতি স্বাভাবিক হলেও এলাকায় উত্তেজনা বিরাজ করছে। আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থায় রয়েছে।